

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৩১
আগরতলা, ২১ মার্চ, ২০২৫

প্রকাশিত সংবাদের সম্পাদিতকরণ

গত ১৯ মার্চ, ২০২৫ রাষ্ট্রীয় কণ্ঠ পত্রিকায় ‘কম্পিউটার কেনার নামে টেন্ডার কেলেংকারী ধলাই সিএমও অফিসে’ এই শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে এর সম্পাদিতকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদটি সম্পূর্ণ অসত্য। চিফ মেডিকেল অফিসার (ধলাই) কর্তৃক গত ২৮ ফেব্রুয়ারি ২০২৫ স্বাক্ষরিত নোটিশ ইনভিটিং টেন্ডার (NIT) ২ মার্চ, ২০২৫ দৈনিক সংবাদ ও জাগরণ পত্রিকায় এবং ৩ মার্চ, ২০২৫ তারিখে মানুষ পত্রিকায় প্রকাশিত হয়েছিল এবং ধলাইয়ের জেলাশাসক ও সিএমও অফিসের নোটিশ বোর্ডেও প্রদর্শিত হয়েছিল। উল্লিখিত NIT টি DFPRT ২০১৯-এর নিয়মনীতি অনুসরণ করে প্রকাশিত হয়েছিল। টেন্ডার ফর্ম ড্রপ করার শেষ তারিখ ছিল ১৭ মার্চ, ২০২৫ বিকাল ৩টা পর্যন্ত। ধলাই চিফ মেডিকেল অফিসারের চেয়ারম্যানশিপে ধলাই জেলার বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে একটি হাইয়ার পারচেজ কমিটিও গঠন করা হয়। পত্রিকায় সংবাদটি প্রকাশিত হওয়ার আগে পর্যন্ত এই টেন্ডারগুলো খোলা হয়নি। অতএব প্রকাশিত খবরটি সম্পূর্ণ অসত্য।
